



তথ্যবিবরণী

নম্বর-২৩৮

রাজশাহীতে হযরত শাহ্ মখদুম (র.) কেন্দ্রীয় ঈদগাহে প্রধান জামাত অনুষ্ঠিত

রাজশাহী; ১৭ চৈত্র (৩১ মার্চ):

আজ সোমবার পহেলা শাওয়াল ১৪৪৬ হিজরি পবিত্র ঈদ-উল-ফিতর। ধর্মপ্রাণ মুসলমানদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব। সারা দেশের ন্যায় রাজশাহীতেও যথাযোগ্য মর্যাদা, ভাবগাম্ভীর্য ও আনন্দমুখর পরিবেশে ঈদ-উল-ফিতর উদ্‌যাপিত হয়েছে।

প্রতিবারের মতো এবারও রাজশাহী মহানগরীর হযরত শাহ্ মখদুম (র.) কেন্দ্রীয় ঈদগাহে পবিত্র ঈদ-উল-ফিতরের প্রধান জামাত অনুষ্ঠিত হয়। সকাল আটটায় অনুষ্ঠিত এ জামাতে রাজশাহী সিটি কর্পোরেশনের (রাসিক) প্রশাসক ও বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ এবং গণ্যমান্য ব্যক্তিবর্গসহ মহানগরীর আশপাশের বিভিন্ন এলাকা থেকে আগত অসংখ্য ধর্মপ্রাণ মুসল্লি অংশগ্রহণ করেন।

নামাজ শেষে জাতির কল্যাণ, শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। এরপর ঈদগাহে আগত মুসল্লিদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন রাসিক প্রশাসক ও বিভাগীয় কমিশনার।

এদিন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে মহানগরীর সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন এবং সরকারি ভবন ও সড়কসমূহ বিশেষভাবে সজ্জিত করা হয়।

পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে এদিন হাসপাতাল, কারাগার, এতিমখানা, শিশুকেন্দ্র, শিশুপরিবার, শিশুপল্লী, শিশুসদন, ছোটমণি নিবাস, শিশুবিকাশ কেন্দ্র, সেফ হোম এবং অনুরূপ প্রতিষ্ঠানসমূহে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উন্নতমানের খাবার পরিবেশন করে।

.....
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/২০২৫/১৩.৪০ঘ.